ভোরের কাগজ

তারিখ ........
পৃষ্ঠা ... কলাম ...

### রা.বিতে 'শিক্ষায় সংকট : শিক্ষক দায়' শীর্ষক সেমিনার

# শিক্ষা ব্যবস্থায় বর্তমান সংকটের পেছনে শিক্ষকদের দায় আছে

রা.বি সংবাদদাতা : রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং শিক্ষক-ছাত্র সাংস্কৃতিক কেন্দ্রের যৌথ উদ্যোগে গত ৬ আগস্ট ২০০১ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে 'শিক্ষার সংকট : শিক্ষকের দায়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। বিকাল ৫টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সাবেক অধ্যাপক গবেষক, সাহিত্যিক ও বর্তমানে বিবিসি বাংলা বিভাগের প্রধান অফিসে কর্মরত ড. গোলাম মুরশিদ। শিক্ষক-ছাত্র সাংস্কৃতিক কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক প্রফেসর সুব্রত মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন. রা.বি উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খান।

ড. গোলাম মুরশিদ তার উপস্থাপিত প্রবন্ধে বলেন, আমাদের শিক্ষা ব্যবস্থায় বর্তমান সময়ে যে সংকট চলছে তা আমাদের সমগ্র শিক্ষা ব্যবস্থার মানকে নিম্নগামী করছে।

ড. মুরশিদ শিক্ষকদের জবাবদিহিতার প্রয়োজনীয়তা রয়েছে বলে তার প্রবন্ধে জানান। তিনি বর্তমানে শিক্ষা ব্যবস্থায় যে সংকট বিরাজ করছে তার পিছনে শিক্ষকদের ভূমিকা রয়েছে এ কথা উল্লেখ করে শিক্ষকদের দলীয় রাজনীতির সমালোচনা করেন।

ড. গোলাম মুরশিদের প্রবন্ধ উপস্থাপন শেষে এর ওপর ড. সুজিত সরকার, প্রফেসর প্রীতি কুমার, প্রফেসর রমেন্দ্রনাথ ঘোষ, ড. রহমত উল্লাহ, ড. আনোয়ার হোসেন, অধ্যাপক ফজলুল হক, জনাব কামরান রেজা চৌধুরী প্রমুখ তাদের মতামত ব্যাক্ত করেন।